# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৫২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنْ جَابِرٍ أَنَّ عَبْدًا لِحَاطِبٍ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشْكُو حَاطِبًا إِلَيْهِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ لَيَدْخُلَنَّ حَاطِبٌ النَّار فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كذبت لَا يدخلهَا فَإِنَّهُ شهد بَدْرًا وَالْحُدَيْبِيَة» . رَوَاهُ مُسلم

رواه مسلم (162 / 2195)، (6403) ـ

(صَحِيح)

বাংলা

৬২৫২-[৫৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। একদিন হাত্বিব (ইবনু আবূ বালতা’আহ্)-এর একটি দাস নবী (সা.) -এর কাছে এসে হাত্বিব-এর বিরুদ্ধে অভিযোগ করে বলল, হে আল্লাহর রাসূল! হাতিব তো নিশ্চয় জাহান্নামে যাবে। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তুমি মিথ্যা বলছ। সে জাহান্নামে যাবে না। কেননা সে বদর ও হুদায়বিয়ায় শরীক ছিল। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৬২-(২৪৯৫), তিরমিযী ৩৮৬৪, সিলসিলাতুস্ সহীহাহ ২১৬০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২৩৪৮, মুসনাদে আহমাদ ১৪৫২৪, সহীহ ইবনু হিব্বান ৭১২০, আস সুনানুল কুবরা লিন নাসায়ী ৮২৯৬, হিলইয়াতুল আওলিয়া ৭/৩২৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২৯৯৫, আল মুসতাদরাক লিল হাকিম ৫৩০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كذبت)অর্থাৎ- ‘‘নিশ্চয় হাত্বিব জাহান্নামে প্রবেশ করবে তোমার এ কথা মিথ্যা। (الكذب) বলা হয়, ইচ্ছাকৃত বা ভুলক্রমে হোক কোন কিছুকে বাস্তবতার বিপরীতভাবে সংবাদ দেয়া। চাই সে সংবাদদান অতীতকাল বা ভবিষ্যকাল সম্পর্কে হোক।

মু'তাযিলা সম্প্রদায় (الكذب)-কে শুধুমাত্র ইচ্ছাকৃতের সাথে নির্দিষ্ট করে। তবে এ হাদীস তাদের মতকে রদ করে। কোন ভাষাবিদ বলেন, অতীতকালের কোন জিনিসকে আসলের বিপরীত করে প্রকাশ করাকে বলে। অথচ এ হাদীস তাদের মতকে খণ্ডন করে। এ হাদীস বদরের যুদ্ধে অংশগ্রহণকারী ও হুদায়বিয়ার সন্ধিতে অংশগ্রহণকারী সাহাবীদের মর্যাদা ফুটে উঠেছে। আর হাতিব-এর মর্যাদা বেড়ে যাওয়ার কারণ হলো তিনিও তাদের অন্যতম। (তুহফাতুল আহ্ওয়াযী হা. ৩৮৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন